Global Schools Program




# পাঠের সারকথা

## ৫ম শ্রেণি

---

**সূত্র:** Reimers, F. (2017). *Empowering students to improve the world in sixty lessons*. 1st ed. Createspace Independent Publishing Platform.

**স্বত্বাধিকার:** © 2017 Fernando M. Reimers. এই প্রকল্প the Creative Commons Attribution 4.0 International License দ্বারা অনুমোদিত। অনুমোদনপত্রের অনুলিপি দেখুন এখানে: https://creativecommons.org/licenses/by/4.0/ সমস্ত অধিকার সংরক্ষিত।

**সতর্কীকরণ:** সংশ্লিষ্ট পাঠ পরিকল্পনা Global Schools Program কর্তৃক এককভাবে প্রস্তুতকৃত ও মুদ্রিত।

SUSTAINABLE DEVELOPMENT GOALS
17 GOALS TO TRANSFORM OUR WORLD

Global Schools Program

| এক নজরে | |
|---|---|
| **শিখন লক্ষ্য**<br>৫ম শ্রেণিতে শিক্ষার্থীরা ধর্মীয় দৃষ্টিকোণ থেকে জাতিগত বৈচিত্র্য, সংস্কৃতি ও যোগাযোগ সম্পর্কে শিখবে। ব্যক্তিগত জীবন, সমাজ ও বিশ্বব্যাপী ধর্মের ভূমিকা সম্পর্কে জানার মাধ্যমে শিক্ষার্থীরা সাংস্কৃতিক বৈচিত্র্যকে সমাদর করতে শিখবে। এছাড়াও তারা আলোচনা করবে কীভাবে বিভিন্ন সংস্কৃতির মানুষের মাঝে যোগাযোগ সাধিত হতে পারে এবং কীভাবে তারা একত্রিত হয়ে নানা সমস্যার সমাধান করতে পারে। | |
| **বিষয়বস্তু** | |
| **পাঠ ১** | পারস্পরিক মূল্যবোধের যোগসূত্র |
| **পাঠ ২** | ধর্ম ও সমাজ |
| **পাঠ ৩** | বিশ্বজুড়ে ধর্ম |
| **পাঠ ৪** | ধর্ম অনুসন্ধান |
| **পাঠ ৫** | যোগাযোগ, সংঘাত ও ধর্ম সহযোগ |
| **শিখন ফল** | |

- বিশ্বের নানা ধর্মের প্রতি বিশেষ গুরুত্ব প্রদানপূর্বক শিক্ষার্থীরা নতুন নতুন সংস্কৃতি সম্পর্কে শিখবে।
- শিক্ষার্থীরা তাদের ব্যক্তিজীবন ও সমাজে ধর্ম ও অন্যান্য সাংস্কৃতিক প্রতিষ্ঠানের ভূমিকা সম্পর্কে বিশ্লেষণী চিন্তা করবে।
- শিক্ষার্থীরা যোগাযোগ ও সমস্যা সমাধান দক্ষতা কাজে লাগিয়ে ভিন্নতা থেকে উদ্‌ভূত সংঘাতকে প্রতিহত করার উপায় বের করবে।

**শ্রেণি: ৫ম ; পাঠ: ১**
**"পারস্পরিক মূল্যবোধের যোগসূত্র"**

**সময়সীমা:** ৬০ মিনিট
**বিষয়:** পৌরনীতি, ইতিহাস, সমাজ
**মানদণ্ড:** মানসম্মত শিক্ষা (SDG ৪); অসমতা হ্রাস (SDG ১০); শান্তি, ন্যায়বিচার, ও কার্যকর প্রতিষ্ঠান (SDG ১৬)
**প্রণয়নে:** Isabelle Byusa, Arianna Pattek, Emily Pope, Sam (Shiv) Sharma, Tisha Verma, Devon Wilson

**সারসংক্ষেপ ও মূলনীতি:** ধর্ম ও মূল্যবোধের সম্পর্ক অনুধাবনের উদ্দেশ্যে শিক্ষার্থীরা ব্যক্তিগত মূল্যবোধ সম্পর্কে কথা বলবে এবং বিভিন্ন ধর্মের সাথে সেসব মূল্যবোধের মিল-অমিল নিয়ে আলোচনার অনুশীলন করবে। এর ফলে শিক্ষার্থীরা উপলব্ধি করবে কেন বিভিন্ন মানুষ বিভিন্ন মতে বিশ্বাসী ও বিভিন্ন আরাধনার অনুসারী।

**নির্দেশনামূলক লক্ষ্য:** শিক্ষার্থীরা তাদের মূল্যবোধ সম্পর্কে কথা বলবে এবং তাদের নিজস্ব মূল্যবোধের সাথে কোন কোন ধর্মের মিল বা অমিল আছে তা শিখবে।

**অনুধাবনমূলক লক্ষ্য:** শিক্ষার্থীরা সকল ধর্মের প্রতি সহিষ্ণুতা অর্জন করবে এবং আত্মপরিচয়কে গভীরভাবে উপলব্ধি করবে।

**আবশ্যক প্রশ্নমালা:**

- ধর্ম সহিষ্ণুতা কী?
- তোমার ধর্ম কীরূপ এবং তোমার ধর্মের মূল্যবোধ কী কী?
- আমরা কীভাবে ধর্মীয় প্রভেদের সপক্ষে সহিষ্ণুতা অর্জন ও শ্রদ্ধা প্রদর্শন করতে পারি?

**শিখন ফল**:
এই পাঠ শেষে শিক্ষার্থীরা-

- বিশ্বব্যাপী ধর্ম সম্পর্কে সচেতন হবে।
- ধর্ম ও ব্যক্তিগত মূল্যবোধের সম্পর্ক অনুধাবন করবে।
- ধর্মবৈচিত্র্যকে সম্মান করতে শিখবে।

**মূল্যায়ন**: শিক্ষার্থীরা তাদের ব্যক্তিগত এবং সমষ্টিগত মূল্যবোধের উপলব্ধি বাস্তবে প্রয়োগ করতে পারবে।

**কর্মধারা**:

- **পূর্বপ্রস্তুতি**: শিক্ষক শিক্ষার্থীদের সাথে মূল্যবোধ সম্পর্কে কথা বলবেন, তাদের মূল্যবোধ নিয়ে ভাবতে বলবেন এবং তাদের নিকট সবচেয়ে গুরুত্বপূর্ণ ৫-১০টি মূল্যবোধ নির্বাচন করতে বলবেন।
- **প্রারম্ভ**: শিক্ষার্থীরা একে অপরের মূল্যবোধের সাদৃশ্য অনুমান করবে এবং মানুষের মূল্যবোধ কীভাবে অনুরূপ ও ভিন্ন হতে পারে তা নিয়ে আলোচনা করবে।

- **পরবর্তী**: শিক্ষক বিভিন্ন ক্যাটাগরিতে মূল্যবোধের তালিকা করবেন এবং শিক্ষার্থীদেরকে জিজ্ঞেস করবেন কী ধরনের মূল্যবোধের সাথে তারা নিজেদের সবচেয়ে বেশি মিল খুঁজে পাচ্ছে এবং সেগুলোতে ভোট দিতে বলবেন।

- **অতঃপর** শিক্ষক শিক্ষার্থীদেরকে বলবেন যে নির্বাচিত মূল্যবোধসমূহ কোন কোন ধর্মের সাথে সাদৃশ্যপূর্ণ।

- **ধর্মের দিকে মোড়** → নির্বাচিত মূল্যবোধ ও বিভিন্ন ধর্মের আন্তঃসম্পর্ক ও পার্থক্য নিয়ে শিক্ষক শিক্ষার্থীদের সাথে আলোচনা করবেন।

- **স্থানীয়:** সমাজে ধর্মের অস্তিত্ব কীরূপ তা নিয়ে শিক্ষক শিক্ষার্থীদের সাথে আলোচনা করবেন।

- **শিক্ষার্থীদের ব্যক্তিগত অনুশীলনের জন্য প্রশ্নমালা:**
  - বিশ্বে কত সংখ্যক ধর্ম আছে?
  - 100 People ভিডিও দেখবে (নিচের লিঙ্ক দ্রষ্টব্য)
  - যার যার পূর্বপুরুষের ধর্ম অনুসন্ধান করবে

## শিক্ষার্থী সহায়ক:

- 100 People Project: http://tiny.cc/G5L1R1

## শিক্ষক সহায়ক:

- 100 People: http://tiny.cc/G5L1R2

**শ্রেণি**: **৫ম** ; **পাঠ**: **২**
"**ধর্ম ও সমাজ**"

**সময়সীমা**: ৬০ মিনিট
**বিষয়**: পৌরনীতি, ইতিহাস, সমাজ
**মানদণ্ড:** মানসম্মত শিক্ষা (SDG ৪); অসমতা হ্রাস (SDG ১০); শান্তি, ন্যায়বিচার, ও কার্যকর প্রতিষ্ঠান (SDG ১৬)
**প্রণয়নে:** Isabelle Byusa, Arianna Pattek, Emily Pope, Sam (Shiv) Sharma, Tisha Verma, Devon Wilson

**সারসংক্ষেপ ও মূলনীতি**: এই পাঠের লক্ষ্য হলো বহু ধর্মের চর্চাক্ষেত্র এই পৃথিবীতে নিজেদের অবস্থান সম্পর্কে শিক্ষার্থীদেরকে সচেতন করে তোলা এবং ধর্ম ও তাদের নিজস্ব সমাজের মাঝে সংযোগ খুঁজে বের করতে সাহায্য করা।

**নির্দেশনামূলক লক্ষ্য:** শিক্ষার্থীরা তাদের সমাজে বিদ্যমান ধর্ম সম্পর্কে অনুসন্ধান করবে এবং বিভিন্ন ধর্ম ও সমাজের আন্তঃসম্পর্ক নিয়ে গভীরভাবে চিন্তা করবে।

**অনুধাবনমূলক লক্ষ্য:** শিক্ষার্থীরা তাদের স্থানীয় সমাজে বিদ্যমান বিভিন্ন ধর্ম সম্পর্কে শিখবে।

**আবশ্যক প্রশ্ন:** স্থানীয় সমাজের সদস্যদের সাথে আচরণের ক্ষেত্রে কি ধর্মীয় প্রভেদের কোন প্রভাব থাকা উচিত?

**শিখন ফল:**
এই পাঠ শেষে শিক্ষার্থীরা-
- শিক্ষার্থীদের স্থানীয় বা আঞ্চলিক সমাজে বিদ্যমান বিভিন্ন ধর্মের ব্যাপারে পরিচিতি লাভ করবে।

**মূল্যায়ন:** শিক্ষার্থীদের স্থানীয় সমাজে বিদ্যমান বিভিন্ন ধর্মের ব্যাপারে উপলব্ধি বাস্তবে প্রয়োগ করতে দিতে পারবে।

**কর্মধারা:**

- শিক্ষার্থীরা মিলে বিগত পাঠের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক বিভিন্ন ধর্ম বিষয়ক আলোচনা করবে।

- শিক্ষার্থীরা একাধিক দলে বিভক্ত হয়ে অনলাইন বিষয়বস্তু দেখা (বিভিন্ন ওয়েবসাইট, ইউটিউব ভিডিও) বা সমাজের বিভিন্ন ধর্মীয় উপাসনালয়ে সশরীরে যাওয়ার মাধ্যমে সমাজে বিদ্যমান নানা ধর্ম নিয়ে বিশ্লেষণ করবে।
    - শিক্ষার্থীরা বিভিন্ন ধর্মীয় স্থানে গিয়ে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জন করতে পারে।
- শিক্ষার্থীরা তাদের সমাজের বিভিন্ন ধর্ম সম্পর্কে যা জেনেছে তা নিয়ে আলোচনা করবে। তারা একে অপরের বিষয়বস্তু থেকে গুরুত্বপূর্ণ দুয়েকটি ধারণা নিয়ে মতবিনিময় করতে পারে।

**শিক্ষক সহায়ক:**

- The United Nations Global Survey: http://tiny.cc/G5L2R1

**শ্রেণি: ৫ম ; পাঠ: ৩**
"**বিশ্বজুড়ে ধর্ম**"

**সময়সীমা**: ৬০ মিনিট
**বিষয়**: পৌরনীতি, ইতিহাস, সমাজ
**মানদণ্ড:** মানসম্মত শিক্ষা (SDG ৪); অসমতা হ্রাস (SDG ১০); শান্তি, ন্যায়বিচার, ও কার্যকর প্রতিষ্ঠান (SDG ১৬)
**প্রণয়নে:** Isabelle Byusa, Arianna Pattek, Emily Pope, Sam (Shiv) Sharma, Tisha Verma, Devon Wilson

**সারসংক্ষেপ ও মূলনীতি:** সমাজে ইতিবাচক অবদান রাখছেন এরূপ ধর্মগুরুদের ব্যাপারে শিক্ষার্থীদেরকে অবগত করা এবং বিশ্বের নানা ধর্মের মিল – অমিল শিখনের অংশ হিসেবে শ্রদ্ধাশীল চিন্তাধারা ও প্রশ্ন জিজ্ঞাসার মাধ্যমে আলোচনার অবতারণা করা।

**নির্দেশনামূলক লক্ষ্য:** শিক্ষার্থীরা একজন বিখ্যাত ধর্মগুরুর সম্পর্কে জানবে এবং তিনি ধর্ম সহিষ্ণুতা অনুধাবন ও প্রচারে কী ভূমিকা রেখেছেন তা নিয়ে আলোচনা করবে।

**অনুধাবনমূলক লক্ষ্য:**
- সকল ধর্মের ব্যাপারে সহিষ্ণুতা লাভ
- আত্মপরিচয়ের  গভীর উপলব্ধি

**আবশ্যক প্রশ্নমালা:**
- ধর্ম সহিষ্ণুতা কী?
- তোমার ধর্ম কী (যদি থাকে) এবং তোমার ধর্মের মূল্যবোধগুলো কী কী?
- বিশ্বের নানা ধর্মের প্রতিনিধিত্বকারী গুরু কারা?
- আমরা কীভাবে ধর্মবৈচিত্র্যের প্রতি সহিষ্ণুতা ও সম্মান প্রদর্শন করতে পারি?

**শিখন ফল:**
এই পাঠ শেষে শিক্ষার্থীরা-

- ধর্মগুরুদের ব্যাপারে জানার মাধ্যমে বিশ্বের নানা ধর্মের সাথে পরিচিত হবে।
- নানা ধর্মের মিল-অমিলের ব্যাপারে চিন্তাভাবনা করবে।
- ধর্ম নির্বিশেষে সকল মানুষের প্রতি সমভাবাপন্ন হবে।

**মূল্যায়ন:** শিক্ষার্থীদের আলোচ্য ধর্ম সংক্রান্ত বিশ্লেষণী প্রশ্ন সংবলিত " শ্রদ্ধা ও কৌতূহল উদ্ভূত প্রশ্নমালা" শীট

**কর্মধারা:**

- **প্রারম্ভ (২০ মিনিট)** শিক্ষার্থীরা বিশ্বের নানা ধর্মের একটি তালিকা পর্যালোচনা করবে। এরপর একটি প্রধান / সংখ্যাগরিষ্ঠ ও একটি অপ্রধান / সংখ্যালঘু ধর্মের উদাহরণ দিবে এবং ধর্ম দু'টির নিম্নোক্ত বৈশিষ্ট্যসমূহ বর্ণনা করবে:
  - ধর্মটির প্রধান বিশ্বাস / মূল ভিত্তি
  - পবিত্র বাণী
  - আচারানুষ্ঠান ও উৎসব
  - পোশাকআশাক

- **পরবর্তী (২৫ মিনিট)** শিক্ষার্থীরা কোনো একজন ধর্মগুরুর (যেমন: মহাত্মা গান্ধী, মার্টিন লুথার কিং জুনিয়র, মাদার তেরেসা, মালালা ইউসুফজাই, আগা খান প্রমুখ ; অথবা বিকল্প হিসেবে কোন স্থানীয় ধর্মগুরু) সমাজে ইতিবাচক প্রভাবমূলক অডিও রেকর্ডিং শুনবে, ভিডিও দেখবে কিংবা অনুচ্ছেদ পড়বে। এ সকল ব্যক্তির ইতিবৃত্ত থেকে শিক্ষার্থীরা কী শিখলো তা নিয়ে একে অপরের সাথে তুলনামূলক মতবিনিময় করবে।
  - উদ্দীপক প্রশ্ন:
    - সামাজিক পরিবর্তনে ধর্মের ভূমিকা কী?
    - ধর্ম কীভাবে নেতৃত্বকে প্রভাবান্বিত করে?
    - এই নেতাদের মধ্যে মিল ও অমিল কী কী?

- **পরিশেষ (১৫ মিনিট)** শিক্ষার্থীরা পাঠের আলোকে একজন ধর্মগুরুর নিকট একটি চিঠি লিখবে।
    - শিক্ষার্থীদের উদ্দেশে একমাত্র নির্দেশনা থাকবে তাদের লেখা অবশ্যই শ্রদ্ধা ও কৌতূহল উদ্ভূত হতে হবে এবং তাদের প্রশ্নগুলো হবে গূঢ় ও সুচিন্তিত।
    - বিশ্লেষণ পর্ব শেষে শিক্ষার্থীরা তাদের লেখা প্রশ্নগুলো পড়ে শোনাবে এবং শিক্ষক সুচিন্তিত প্রশ্নগুলো চিহ্নিত করবেন, পাশাপাশি যাদের প্রশ্ন অসংলগ্ন হবে তাদেরকে পরামর্শ দিবেন যে কোন কোন শব্দ ব্যবহার করে তারা আরো সুচিন্তিত, নিরপেক্ষ ও কৌতূহলী উপায়ে প্রশ্নগুলো লিখতে পারে।

**শিক্ষক সহায়ক:**

- ধর্ম সহিষ্ণুতা : http://tiny.cc/G5L3R1
- সহিষ্ণুতা শিক্ষণ: http://tiny.cc/G5L3R2
- বিশ্বজুড়ে নানা ধর্ম: http://tiny.cc/G5L3R3
- ধর্ম বিষয়ে শিক্ষণ: http://tiny.cc/G5L3R4
- নিরপেক্ষতা অবলম্বন : http://tiny.cc/G5L3R5

**শ্রেণি**: **৫ম** ; **পাঠ**: **৪**
"**ধর্ম অন্বেষণ**"

**সময়সীমা**: ৬০ মিনিট
**বিষয়**: পৌরনীতি, ইতিহাস, সমাজ
**মানদণ্ড:** মানসম্মত শিক্ষা (SDG ৪); অসমতা হ্রাস (SDG ১০); **শান্তি**, ন্যায়বিচার, ও কার্যকর প্রতিষ্ঠান (SDG ১৬)
**প্রণয়নে:** Isabelle Byusa, Arianna Pattek, Emily Pope, Sam (Shiv) Sharma, Tisha Verma, Devon Wilson

**সারসংক্ষেপ ও মূলনীতি:**
- শিক্ষার্থীরা যে ধর্মীয় বিষয়ে কৌতূহলী সেটি বিশ্লেষণের উদ্দেশ্যে প্রদত্ত সময়ে ক্ষুদ্র একটি দলীয় গবেষণা প্রজেক্ট শুরু করবে
- শিক্ষার্থীরা তাদের গবেষণালব্ধ ফল একে অপরের সাথে বিনিময় করবে।
- শিক্ষার্থীদেরকে এমন কোন বিষয়বস্তু নির্বাচন করতে উৎসাহিত করা উচিত যেটি সম্পর্কে তারা তুলনামূলক কম জানে, যা তাদের নিজ নিজ ধর্মের (যদি থাকে) সাথে খুব একটা সম্পর্কিত নয়।

**নির্দেশনামূলক লক্ষ্য:** শিক্ষার্থীরা ধর্ম সম্পর্কিত নতুন একটি বিষয়বস্তু নিয়ে গবেষণা করবে এবং গবেষণার ফলাফল একে অপরের সাথে বিনিময় করবে।

**অনুধাবনমূলক লক্ষ্য:** সকল ধর্মের ব্যাপারে জ্ঞাননির্ভর সহিষ্ণুতা অর্জিত হবে।

**আবশ্যক প্রশ্নমালা:**
- তুমি কোন বিষয়ে কৌতূহলী?
- আমরা যা শিখি তা কীভাবে বিশ্লেষণ ও বিনিময় করতে পারি?

**শিখন ফল:**

এই পাঠ শেষে শিক্ষার্থীরা-

- ধর্ম সম্পর্কে সচেতন হবে এবং ধর্মকে গভীরভাবে অনুধাবন করতে পারবে।

- গবেষণা, রচনা ও সম্পাদনার দক্ষতা অর্জন করতে পারবে।

**মূল্যায়ন:** পরিমার্জনের পর চূড়ান্ত লেখা; "সংবাদপত্র সম্পাদক" থেকে ফলাবর্তক / ফিডব্যাক (শিক্ষক অথবা শ্রেণির যেকোনো শিক্ষার্থী)

**কর্মধারা:**

- **পর্যায় ১**
  - শিক্ষার্থীদেরকে প্রথমে জিজ্ঞেস করা হবে "সংবাদপত্র কীভাবে তৈরি করা হয়?" আশা করা যায় এভাবে প্রতিবেদক ও গবেষণা কৌশল বিষয়ক আলোচনার সূত্রপাত হবে।

  - এই আলোচনায় শিক্ষক শিক্ষার্থীদেরকে জিজ্ঞেস করবেন যে প্রতিবেদক হিসেবে কোন বিষয়গুলো বিবেচনা করা জরুরি (বস্তুনিষ্ঠতা, আগ্রহোদ্দীপক লিখনশৈলী, জনগণের উপর এর প্রভাব ইত্যাদি)

  - আলোচনায় আরো জানানো হবে যে এই শ্রেণির পক্ষ থেকে বিদ্যালয়ের জন্য একটি সংবাদপত্র প্রকাশ করার পরিকল্পনা চলছে। এ লক্ষ্যে বিভিন্ন পদে জনবল দরকার হবে (সংবাদপত্র নকশাকার, সম্পাদক প্রমুখ) এবং শিক্ষার্থীদেরকে এসব ভূমিকা পালনের জন্য ও প্রতিবেদক হিসেবে কাজ করার জন্য আহ্বান করা হবে।

- **পর্যায় ২**
  - শিক্ষক শিক্ষার্থীদেরকে জিজ্ঞেস করবেন যে কোন কোন ধর্মের ব্যাপারে প্রতিবেদন করলে তা কৌতূহলোদ্দীপক হবে

এবং সে ধর্মগুলোর নাম বোর্ডে লিখবেন। এরপর তাদেরকে জিজ্ঞেস করবেন যে এ সকল ধর্মের কোন কোন বিষয়ে তারা কৌতূহলী এবং সে অনুযায়ী সাবক্যাটাগরি তৈরি করবেন (যেমন: ইতিহাস, বিশ্বের কোন কোন দেশে বিদ্যমান, বিভিন্ন ক্রমভিত্তিক (hierarchical) অবস্থান, যার যার সমাজের সাথে সম্বন্ধ, মূল্যবোধ, ছুটির দিন ইত্যাদি)।

- ○ শিক্ষার্থীদেরকে তাদের আগ্রহের প্রজেক্ট / বিষয়বস্তুসহ তাদের নাম বোর্ডে লেখার জন্য অথবা ধর্মীয় যে বিষয়ে তারা গবেষণা করতে আগ্রহী তা তৈরি / উল্লেখ করতে উৎসাহিত করা হবে।

- **পর্যায় ৩**
    - শিক্ষার্থীদেরকে জোড়া বেঁধে নিম্নোক্ত বিষয়সহ একটি গবেষণা পরিকল্পনা তৈরি করার চ্যালেঞ্জ দেওয়া হবে:
        - বিষয়বস্তু সম্পর্কে কিছু প্রশ্ন / পয়েন্ট
        - বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীদের বিদ্যমান জ্ঞানের প্রতিফলন ও লিপিবদ্ধকরণ
    - শিক্ষার্থীদেরকে এক সপ্তাহের মধ্যে প্রথম খসড়া নিবন্ধ জমা দিতে হবে, তাই শ্রেণির বাকি সময়টুকুতে শিক্ষার্থীরা সেই উদ্দেশ্যে তাদের গবেষণার কাজ শুরু করবে।

- **পর্যায় ৪**
    - খসড়া তৈরি হয়ে গেলে শিক্ষার্থীদেরকে সহপাঠী সম্পাদকের ফিডব্যাক দেওয়া হবে:
        - প্রতিবেদনটি কি নিরপেক্ষ ছিল?
        - এটি কি পাঠকের মনোযোগ আকর্ষণ করতে পেরেছিল?
        - এটি কি ব্যাকরণগতভাবে নির্ভুল ছিল?
        - ইত্যাদি
    - শিক্ষার্থীদের লেখা চূড়ান্ত সম্পাদকের (শিক্ষক) হাতে পৌঁছানোর পূর্বে তাদেরকে লেখা পরিমার্জনের সুযোগ দেওয়া হবে।

- **পর্যায় ৫**

- ○ এই পর্যায়ে শিক্ষক সকল নিবন্ধ একত্রিত করে শিক্ষার্থীদেরকে পড়ে শোনাতে পারেন অথবা একটি বাড়তি কাজ করাতে পারেন যেখানে শিক্ষার্থীরা একটি সংবাদপত্রের নাম ঠিক করবে এবং নিবন্ধগুলো সম্পাদনার জন্য বিভিন্ন নকশা নিয়ে পরীক্ষামূলক কাজ করবে (অনলাইন ব্লগিং বা মুদ্রণের মাধ্যমে)

- **পর্যায় ৬**
  - ○ প্রজেক্টটি সম্পন্ন হলে শিক্ষার্থীরা তাদের প্রাথমিক নোটগুলো পুনরায় দেখবে এবং এই বাক্যগুলো পূরণ করবে: "আমি ভাবতাম _________।" "এখন আমি জানি _________।" (শিক্ষক সহায়ক দ্রষ্টব্য)

## শিক্ষক সহায়ক:

- Visible Thinking Framework — Project Zero: http://tiny.cc/G5L4R1

## শ্রেণি: ৫ম ; পাঠ: ৫
## "যোগাযোগ, সংঘাত ও ধর্ম সহযোগ"

**সময়সীমা**: ৬০ মিনিট
**বিষয়**: পৌরনীতি, ইতিহাস, সমাজ
**মানদণ্ড:** মানসম্মত শিক্ষা (SDG ৪); অসমতা হ্রাস (SDG ১০); **শান্তি**, ন্যায়বিচার, ও কার্যকর প্রতিষ্ঠান (SDG ১৬)

**প্রণয়নে:** Isabelle Byusa, Arianna Pattek, Emily Pope, Sam (Shiv) Sharma, Tisha Verma, Devon Wilson

**সারসংক্ষেপ ও মূলনীতি:** বিগত পাঠগুলো থেকে অর্জিত জ্ঞানের সদ্ব্যবহার ও বাস্তব জীবনে প্রয়োগ।

**নির্দেশনামূলক লক্ষ্য:** শিক্ষার্থীরা কাল্পনিক প্রেক্ষাপটের ভিত্তিতে ধর্ম অসহিষ্ণুতা এবং এটি তাদের জীবনকে কীভাবে প্রভাবিত করতে পারে তা নিয়ে আলোচনা করবে।

**অনুধাবনমূলক লক্ষ্য:**
- ভেদাভেদ নির্বিশেষে কাজ করা
- সমস্যা শনাক্তকরণ
- বিবাদরত সকল পক্ষের ব্যক্তিদের দৃষ্টিকোণ সাপেক্ষে শান্তিপূর্ণ সমাধানে মতৈক্য অর্জন

**আবশ্যক প্রশ্নমালা:**
- সংঘাত কী?
- কীভাবে আমরা সমস্যার শান্তিপূর্ণ সমাধান করতে পারি?

**শিখন ফল:**
এই পাঠ শেষে শিক্ষার্থীরা-

- ঐক্যবদ্ধ সমাধান পেশ করবে
    - শ্রেণির কাজে অংশগ্রহণ ও সবার সামনে উপস্থাপনার নিরিখে পরিমাপযোগ্য
- দলীয় পরিসরে ফলপ্রসূভাবে কাজ করবে
    - দলীয় কাজে শিক্ষকের পর্যবেক্ষণ ও দলীয় প্রক্রিয়ায় শিক্ষার্থীর চিন্তাভাবনার নিরিখে পরিমাপযোগ্য

**মূল্যায়ন:** শোনা ও বলার জন্য ৫ম শ্রেণির আঞ্চলিক বা সাধারণ মানদণ্ড অনুসরণে দলীয় উপস্থাপনার রুব্রিক্স।

**কর্মধারা:**

- **পূর্বপ্রস্তুতি (১০ মিনিট):** সমষ্টিগত আলোচনা শুরু করতে শিক্ষক শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত প্রশ্ন জিজ্ঞেস করবেন (ছোট দল দিয়ে শুরু করবেন, এরপর গোটা শ্রেণির জন্য প্রশ্ন উন্মুক্ত করে দিবেন।)
    - সংঘাত কী?
    - অসহিষ্ণুতা কী?
    - তুমি কবে কোন সংঘাত প্রত্যক্ষ করেছিলে? কী ঘটেছিলো?
    - সংঘাতে লিপ্ত ব্যক্তিদের মাঝে তুমি কোন কোন অনুভূতি লক্ষ্য করেছিলে?
    - তারা কীভাবে সমাধানে উপনীত হয়েছিলেন?

- **মূল কাজ (৩০ মিনিট):** শিক্ষক শিক্ষার্থীদেরকে অনধিক ৪-৫ জন বিশিষ্ট দলে ভাগ করে দিবেন। এরপর নিচের নমুনা দৃশ্যকল্পটি তাদেরকে পড়ে শোনাবেন এবং এর আদর্শ সমাধানভিত্তিক একটি রম্য রচনার জন্য তাদেরকে ছোট ছোট দলে ভাগ হয়ে কাজ করার সময় দিবেন:

*Zorg জর্গ নামের এক দেশে ৪টি প্রধান জাতীয় ধর্ম আছে। সে দেশের বেশিরভাগ মানুষই Tor টর ধর্মের অনুসারী। বাকি ৩ টি ধর্মের নাম হলো Zaria জারিয়া, Mooka মুকা, ও Bic বিক। টর ও জারিয়া ধর্ম দুইটি মেয়েদের স্কুলে যাওয়ার বিপক্ষে। এদিকে মুকা ও বিক উভয় ধর্মই বিশ্বাস করে যে মেয়েদের স্কুলে যাওয়ার অধিকার ঈশ্বরপ্রদত্ত। এছাড়া, সরকারে টর ধর্মাবলম্বীদের প্রাধান্য থাকায় জারিয়া, মুকা ও বিক মনে করে সরকারে তাদের যথেষ্ট প্রতিনিধিত্ব নেই। সরকার ধর্মের অজুহাতে মেয়েদেরকে স্কুলে পাঠানোর বিরুদ্ধে একটি আইন জারি করার অপচেষ্টায় লিপ্ত রয়েছে। জারিয়া, মুকা ও বিক ধর্মে বিশ্বাসীরা তাদের দাবি প্রতিষ্ঠার লক্ষ্যে জর্গের রাজধানীতে সহিংস আন্দোলনে সচেষ্ট হয়েছে। এর ফলে অন্যান্য ধর্মের সাথে সমঝোতায় যেতে টর অনাগ্রহ প্রকাশ করেছে। এমতাবস্থায় তোমার করণীয় কী?*

- **উপস্থাপনা ও সমাপ্তি (২০ মিনিট):** প্রতি শিক্ষার্থী রম্য রচনার আকারে ৩-৪ মিনিটে তাদের সমাধান উপস্থাপন করবে। শিক্ষক এই পদ্ধতির ব্যাপারে ব্যক্তিগত মতামতের উপর আলোচনা পরিচালনা করবেন (পদ্ধতিটি কেমন ছিল? তোমরা কী শিখল?)

**শিক্ষার্থী সহায়ক:**

- দ্বন্দ্বপূর্ণ পরিস্থিতি নিয়ন্ত্রণ: http://tiny.cc/G5L5R1

**শিক্ষক সহায়ক:**

- শোনা ও বলার মানদণ্ড: http://tiny.cc/G5L5R2